

সখা

আমি তো তোমারে চাহিনি জীবনে,
তুমি অভাগারে চেয়েছ;
আমি না ডাকিতে, হৃদয় মাঝারে
নিজে এসে দেখা দিয়েছ!
চির-আদরের বিনিময়ে, সখা,
চির-অবহেলা পেয়েছ;
(আমি) দূরে ছুটে যেতে, দু'হাত পসারি',
ধ'রে টেনে কোলে নিয়েছ!
ওপথে যেওনা, ফিরে এস ব'লে
কানে কানে কত কয়েছ,
(আমি) তবু চ'লে গেছি, ফিরিয়ে আনিতে
পাছে পাছে ছুটে গিয়েছ।
(এই) চির-অপরাধী পাতকীর বোঝা
হাসি-মুখে তুমি বয়েছ;
(আমার) নিজ হাতে গড়া বিপদের মাঝে,
বুকে ক'রে নিয়ে রয়েছ!